ভোরের কাগজ

তারিখ ... ... ... NOV. 03 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

কৃষি বিশ্ববিদ্যালয়

# হল সংসদের ভিপির হুমকিতে প্রভোস্টের পদত্যাগ

ময়মনসিংহ প্রতিনিধি : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আশরাফুল হক হলের প্রভোস্ট্র পদত্যাগ করেছেন। হল সংসদের ভিপির নেতৃত্বে সন্ত্রাসী কর্মকাণ্ড, প্রভোস্টকে হুমকি ও অশোভন আচরণের ঘটনায় অতিষ্ঠ হয়ে তিনি এই পদত্যাগের সিদ্ধান্ত গ্রহণ করেন।

সংশ্লিষ্ট সূত্র জানায়, গত ২৬ অক্টোবর দুপুরে ঐ হলের ভিপি মফিজ উদ্দিন আকন্দ তার সঙ্গীদের নিয়ে প্রভোস্ট প্রফেসর আতিয়ার রহমান মোল্লার অফিসে ঢুকে সিট বরাদ্দ নিয়ে তার সঙ্গে অশোভন আচরণ করে। তারা এর সমাধান না করা পর্যন্ত তাকে অফিস ত্যাগ না করার হুমিক দেয়। তারা হল গেটে তালা ঝুলিয়ে দিয়ে কর্মচারীর কাছ থেকে চাবি ছিনিয়ে নেয় এবং অফিসের টেলিফোন লাইন বিচ্ছিন্ন করে দেয়। এ অবস্থায় গত ২৮ অক্টোবর তিনি রেজিস্ট্রার বরাবরে পদত্যাগপত্র জমা দেন।